

মার আকাশ থেকে ফিরে এলো শারজাহগামী বিমানের ফ্লাইট

- A Monitor Desk Report

Date: 21 July, 2025



ঢাকাঃ ঢাকার হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে চট্টগ্রাম হয়ে শারজাহগামী একটি ফ্লাইটে ত্রুটি ধরা পড়ায় ফ্লাইটটি চট্টগ্রামের আকাশ থেকেই ঢাকায় ফিরে এসেছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, শনিবার (১৯ জুলাই) রাত সোয়া ৮টার দিকে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের (বোয়িং-৭৩৭) ফ্লাইটটি প্রথমে চট্টগ্রামের উদ্দেশ্যে ছেড়ে যায়। নিয়ম অনুযায়ী চট্টগ্রাম থেকে যাত্রী নিয়ে দুবাইয়ের শারজাহর উদ্দেশ্যে ওড়ার পরই পাইলটের কাছে টেকনিক্যাল সমস্যা ধরা পড়ে।

তিনি বিষয়টি বুঝতে পেরে কন্ট্রোল টাওয়ারের সঙ্গে যোগাযোগ করে ঢাকায় ফিরে যাওয়ার সিদ্ধান্ত জানান। সেই অনুযায়ী রাত ১০টা ১০ মিনিটে ফ্লাইটটি ঢাকায় নিরাপদে অবতরণ করে।

প্রকৌশল বিভাগের কর্মীরা জানান, প্রাথমিকভাবে এয়ারক্রাফটে ফ্যুয়েল ব্যালান্সিংয়ে সমস্যা দেখা দিয়েছিলো বলে মনে করা হচ্ছে।

এর আগে একই দিন সকালে কক্সবাজার থেকে সৈয়দপুর হয়ে ঢাকায় আসা বিমানের ড্যাশ-৮ ফ্লাইটে যান্ত্রিক ত্রুটি দেখা দিলে পাইলট সৈয়দপুর না গিয়ে সরাসরি ঢাকায় ফিরে আসেন।

-B